



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়  
ইসলামিক ফাউন্ডেশন  
সমন্বয় বিভাগ



স্মারক নম্বর: ১৬.০১.০০০০.০০৫.০২.০০২.২০.১৩৬

তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ  
০৪ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর আওতাধীন অর্থনৈতিক শুমারি ২০২৩ শীর্ষক প্রকল্পের মাঠ পর্যায়ের  
কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে মসজিদে শুমারি বার্তা প্রচার।

সূত্র: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর স্মারক নম্বর- ৫২.০১.০০০০.৬৩৫.১৮.০০১.২৩.৩৩১৯ তারিখ : ২৮/১১/২০২৪ খ্রি।

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক বাস্তবায়নাধীন অর্থনৈতিক শুমারি ২০২৩ শীর্ষক প্রকল্পের আওতায় আগামী ১০-২৬ ডিসেম্বর ২০২৪ সময়ে অনুষ্ঠিত হতে যাচ্ছে দেশের ৪র্থ অর্থনৈতিক শুমারি। অর্থনৈতিক শুমারিতে দেশের সকল অর্থনৈতিক ইউনিটের পরিচিতি, অর্থনৈতিক কার্যাবলি, জনবল, সম্পদ এবং ইউনিটের মৌলিক সুযোগ-সুবিধা সম্পর্কিত তথ্যাদি সংগ্রহ করা হবে, যার মাধ্যমে দেশের অর্থনীতির সামগ্রিক চিত্র ফুটে আসবে।

০২। অর্থনৈতিক শুমারির তথ্য-উপাত্তসমূহ ট্যাবের মাধ্যমে Computer Assisted Personal Interviewing (CAPI) পদ্ধতিতে সংগ্রহ করা হবে। দেশব্যাপী পরিচালিতব্য এ কার্যক্রম সুচারুরূপে সম্পন্ন এবং সর্বস্তরের জনসাধারণকে শুমারি কার্যক্রম সম্পৃক্ত করার লক্ষ্যে দেশের সকল মসজিদে জুমআর খুতবাতে নিম্নোক্ত শুমারি বার্তাটি প্রচার করা হলে তা শুমারি কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে ব্যাপক ভূমিকা রাখবে।

শুমারি বার্তা

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক ১০-২৬ ডিসেম্বর ২০২৪ দেশের সকল অর্থনৈতিক ইউনিটের তথ্য সংগ্রহ করা হচ্ছে। তথ্য সংগ্রহকারীগণ উল্লিখিত সময়ে আপনার খান/প্রতিষ্ঠানে গিয়ে তথ্য সংগ্রহ করবে। জাতীয় গুরুত্বপূর্ণ কার্যক্রমে সঠিক তথ্য দিয়ে সহযোগিতা করুন।

০৩। উপর্যুক্ত বিষয়টি জাতীয় জনগুরুত্বপূর্ণ বিবেচনায় তাঁর বিভাগ/জেলায় অবস্থিত সকল মসজিদে আগামী ০৬, ১৩ ও ২০ ডিসেম্বর ২০২৪ শুক্রবার জুমআর প্রাক-খুতবায় সম্মানিত খতিব/ইমাম সাহেবদের মাধ্যমে বর্ণিত শুমারি বার্তাটি প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৪-১২-২০২৪

মোঃ মহিউদ্দিন

পরিচালক

০২২২২২১৮২৮১

ifcoordination1975@gmail.com

বিতরণ : সদয় কার্যার্থে-

- ১। পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল), ইসলামিক ফাউন্ডেশন।
- ২। উপ-পরিচালক, জেলা কার্যালয় (সকল), ইসলামিক ফাউন্ডেশন।

স্মারক নম্বর: ১৬.০১.০০০০.০০৫.০২.০০২.২০.১৩৬/১ (৪)

তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ  
০৪ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত প্রেরিত হলো।

- ১। সচিব, ইসলামিক ফাউন্ডেশন।
- ২। সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
- ৩। মহাপরিচালকের একান্ত সচিব, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)।
- ৪। মহাপরিচালকের একান্ত সচিব, ইসলামিক ফাউন্ডেশন।



*Nizam*

০৪-১২-২০২৪  
মোহাম্মদ নিজাম উদ্দিন  
উপপরিচালক